



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
কর্ম-সম্পাদন অধিশাখা
বাংলাদেশ সচিবালয় ঢাকা-১০০০।
www.minland.gov.bd



স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০০০.৯৯.০০১.২০.৯

তারিখ: ২৭ কার্তিক ১৪২৭


১২ নভেম্বর ২০২০

বিষয়: অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি (Grievance Redress System-GRS) সংক্রান্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ের পরিশ্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয়ের অক্টোবর-২০২০ মাসের অভিযোগ গ্রহণ নিষ্পত্তি (Grievance Redress System-GRS) সংক্রান্ত প্রতিবেদন নির্ধারিত ছকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা	মোট	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
১৬	০০	১৬	১৬	০০	
				(১) চান্দগাঁও সার্কেলের সার্ভেয়ার, জনাব মোঃ নাজমুল হাসান জনৈক ইলিয়াছ গং এর সাথে গোপন চুক্তি করে একটি হিন্দু পরিবারকে পথে বসিয়ে দেওয়ার অভিযোগটি ভিত্তিহীন হওয়ায় অভিযোগটি নথিভুক্তির মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে।	
				(০২) চরফ্যাশন উপজেলা ভূমি অফিসের অফিস সহকারী, জনাব মোঃ আতিকুর রহমান-এর বিরুদ্ধে দুর্নীতির আনীত অভিযোগের বিষয়ে কোন সত্যতা প্রমাণিত না হওয়ায় অভিযোগটি নথিভুক্তির মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে।	
				(০৩) জনাব আইয়ুব আলী, পিতা-মৃত কোববাত আলী, সাং+পো: মুদাফরগঞ্জ, লাকসাম, কুমিল্লা কর্তৃক দাখিলকৃত অভিযোগের বিষয়ে তদন্ত করে মতামত দেয়ার জন্য জেলা প্রশাসক, কুমিল্লাকে অনুরোধ করা হয়েছে।	
				(০৪) জনাব আব্দুর রাজ্জাক মুন্সি, পিতা: সোনা মাদিন, শিবচর, মাদারীপুর কর্তৃক দাখিলকৃত অভিযোগের বিষয়ে তদন্ত করে মতামত দেয়ার জন্য জেলা প্রশাসক, মাদারীপুরকে অনুরোধ করা হয়েছে।	
				(০৫) জনাব মোঃ শাহ আলম, পিতা-আঃ রাজ্জাক, সাং-রামপুর, সাং-ফেনী সদর গং কর্তৃক দাখিলকৃত অভিযোগের বিষয়ে তদন্ত করে মতামত দেয়ার জন্য বিভাগীয় কমিশনার, চট্টগ্রামকে অনুরোধ করা হয়েছে।	
				(০৬) SOMOY TV Bulletin-এ প্রকাশিত অফিসের মধ্যে পোশাক খুলে ভূমি কর্মকর্তার 'গানের আসর', ভিডিও ভাইরাল শীর্ষক পেপার ক্লিপিং-এর বিষয়ে জড়িত সরকারী কর্মচারীর বিরুদ্ধে জরুরিভাবে আইনানুগ ব্যবস্থা নিয়ে আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে ভূমি মন্ত্রণালয়কে অবহিত করার জেলা প্রশাসক, যশোরকে অনুরোধ করা হয়েছে।	
				(০৭) চেয়ারম্যান, ক্যাপিটাল এসেটস প্রোডাকশন লিমিটেড, প্যারামাউন্ট হাইটস (লেভেল-৬), ৬৫/২/১ বক্স কালভার্ট রোড, পুরানা পল্টন, ঢাকা কর্তৃক দাখিলকৃত অভিযোগের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করে গৃহীত ব্যবস্থা সম্পর্কে ভূমি মন্ত্রণালয়কে জেলা প্রশাসক, ঢাকাকে অনুরোধ করা হয়েছে।	
				(০৮) জনাব মনিরুজ্জামান, সিনিয়র রিপোর্টার (ফ্রাইম), এক্রিডিটেশন কার্ড নং-৬০০ (তথ্য অধিদপ্তর) কর্তৃক দাখিলকৃত পেপার কাটিং-এর বিষয়ে পত্র প্রাপ্তির ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে তদন্তপূর্বক প্রতিবেদন ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য জেলা প্রশাসক, ঢাকাকে অনুরোধ করা হয়েছে।	
				(০৯) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, লালবাগ রাজস্ব সার্কেল, ঢাকা-এর ২৪/০৯/২০২০ তারিখের -৩১.৩০. ২৬৪২.০০১.৯৯.০০১.২০-৫৫৮(সং) স্মারক নম্বর পত্রের বিষয়ে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঢাকাকে দিয়ে তদন্তক্রমে প্রতিবেদন দেয়ার জন্য জেলা প্রশাসক, ঢাকাকে অনুরোধ করা হয়েছে।	
				(১০) জনাব মোঃ মনছুর আলী, ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ব্রহ্মগাছা (সাবেক), বর্তমানে নিমগাছি ইউনিয়ন ভূমি অফিসে কর্মরত এর বিরুদ্ধে অভিযোগকারীর অভিযোগের বিষয়ে কোন সত্যতা না পাওয়ায় অভিযোগটি নথিভুক্তির মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে।	
				(১১) যুগান্তর পত্রিকায় প্রকাশিত 'নারীর কাছ থেকে ৫ লাখ টাকা হাতিয়ে নিলেন তহশিলদার' শীর্ষক পেপার ক্লিপিং-এর অভিযোগের বিষয়ে আগামী ১৫ কার্যদিবসের মধ্যে তদন্তপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে গৃহীত কার্যক্রম সম্পর্কে ভূমি মন্ত্রণালয়কে অবহিত করার জন্য জেলা প্রশাসক, পটুয়াখালীকে অনুরোধ করা হয়েছে।	

			(১২) জনাব মোঃ জাহাঙ্গীর আলম, ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, দেওয়ানগঞ্জ, জামালপুর (বর্তমানে-ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, চরবানি পাকুরিয়া ইউনিয়ন ভূমি অফিস, মেলান্দহ, জামালপুর) এর বিরুদ্ধে ঘুষ গ্রহণের অভিযোগ অনুসন্ধানে প্রমাণিত না হওয়ায় কমিশন কর্তৃক তা পরিসমাপ্ত করা হয়েছে। বিষয়টি পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য জেলা প্রশাসক, জামালপুরকে অবহিত করা হয়েছে।		
			(১৩) গত ২৪.১২.২০১৯ তারিখ দৈনিক যুগান্তর এবং ২৬.১২.২০১৯ তারিখ দৈনিক ভোরের কাগজ পত্রিকায় প্রকাশিত 'দুমকি ভূমি অফিস: ৫০০ টাকার দাখিলায় ১০ হাজার টাকা ঘুষ!' শিরোনামে প্রকাশিত পেপার ক্লিপিং-এর বিষয়ে কোন সত্যতা না পাওয়ায় নথিভুক্তির মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে।		
			(১৪) জনাব মোঃ উজ্জল মিঞা, ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, শ্রীপুর ইউনিয়ন ভূমি অফিস, মাগুরা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ধারা ও ৩ (ঘ) ধারা মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, মাগুরাকে অনুরোধ করা হয়েছে।		
			(১৫) জনাব মোঃ মামুন মোল্লা, পিতা-মৃত আব্দুল মোম্মাফ মোল্লা, সাং-বাসা নং-৩৯২, রোড নং-২৯, মহাখালী, ডিওএইচএস, ঢাকা কর্তৃক দাখিলকৃত অভিযোগের বিষয়ে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে তদন্তপূর্বক প্রতিবেদন ভূমি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য জেলা প্রশাসক, ঢাকাকে অনুরোধ করা হয়েছে।		
			(১৬) জনাব কাজী নূরুল ইসলাম, পিতা-মৃত কাজী নায়েব আলী, গ্রাম-ইচাইল (দক্ষিণ পাড়া), ইউনিয়ন-ভাতগ্রাম, ডাকঘর-কুর্নী, উপজেলা-মির্জাপুর, জেলা-টাঙ্গাইল কর্তৃক দাখিলকৃত অভিযোগের বিষয়ে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে তদন্তপূর্বক প্রতিবেদন ভূমি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য জেলা প্রশাসক, টাঙ্গাইলকে অনুরোধ করা হয়েছে।		



১২-১১-২০২০

অরুন কুমার মন্ডল

উপসচিব

ফোন: ০২৯৫৪০০৩৬

ইমেইল: apa@minland.gov.bd

সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০০০.৯৯.০০১.২০.৯/১(৩)

তারিখ: ২৭ কার্তিক ১৪২৭

১২ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, মাঠপ্রশাসন অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ভূমি মন্ত্রণালয়
- ৩) প্রোগ্রামার, আইসিটি শাখা, ভূমি মন্ত্রণালয়



১২-১১-২০২০

অরুন কুমার মন্ডল

উপসচিব